



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২৬.২০/২০১৮/২

তারিখ: ০৫ নভেম্বর ২০২০খ্রি.

বিষয়: অধ্যক্ষের দায়িত্ব পালন।

রাজবাড়ী জেলার বালিয়াকান্দি মুনছুর আলী কলেজের অধ্যক্ষ জনাব নুরুন নাহার অবসর গ্রহণ করায় বিধিমালা অনুসারে জ্যেষ্ঠ শিক্ষকের উপর দায়িত্ব হস্তান্তরের বিধান থাকলেও অত্র কলেজের প্রভাষক আবুল কালাম আজাদ এর নিকট সাময়িক ভাবে দায়িত্ব হস্তান্তর করা হয়েছে। বিধি অনুযায়ী মোঃ হারুন অর রশিদ জ্যেষ্ঠ শিক্ষক বলে দাবি করেন। মাউশি অধিদপ্তর এর স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১, তারিখ-১৩/০৫/২০১৯খ্রি. মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য জরুরী বিজ্ঞপ্তি জারি করা হয়।

জনবল কাঠামো ২০১৮ (এর ১৩ ধারায় জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণে বলা আছে-শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। তবে কোন শিক্ষকের নিয়োগ নিয়মিতকরণ করা হলে নিয়মিতকরণের তারিখ যোগদানের তারিখ হিসেবে গণ্য হবে। যোগদানের তারিখ একই হলে জন্মতারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে) মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

সভাপতি

গভর্নিং বডি

মুনছুর আলী কলেজ, রাজবাড়ী।

AKW 5.11.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন : ০২-৯৫৫৬০৫৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, মুনছুর আলী কলেজ, রাজবাড়ী।
- ২। সংরক্ষণ নথি।